



স্মারক নং- ইআবি/পনি/প.কে.নি.ক/২০১৮/অংশ-২/৩৩০১

তারিখ: ০৯ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ  
২৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ

## প্রজ্ঞাপন

কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদী, কামিল (মাস্টার্স) ১ বছর মেয়াদী, ফাজিল (স্নাতক) পাস, ফাজিল (অনার্স) এর পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ মহোদয়গণের জ্ঞাতার্থে বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরীক্ষা পরিচালনার জন্য ইতোপূর্বে ১৭টি ধারা সম্বলিত ১২/০২/২০২৪ খ্রি. তারিখ একটি প্রজ্ঞাপন ওয়েবসাইটে প্রকাশ করা হয়। অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি গত ফাজিল (স্নাতক) পাস ও কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদী পরীক্ষা কেন্দ্রে ধারাসমূহ অনুসরণ করা হয়নি। পরবর্তী পরীক্ষাসমূহে যদি উল্লিখিত ধারাসমূহ অনুসরণ করা না হয় তাহলে কেন্দ্র কমিটির সিদ্ধান্ত অনুযায়ী মাননীয় ভাইস-চ্যান্সেলর এর অনুমোদনক্রমে ১৭ নং ধারা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

আরো উল্লেখ্য যে, ফাজিল (স্নাতক) পাস পরীক্ষা-২০২২ এর তৃতীয় পরীক্ষা শুরু হয় ১৫/২/২০২৪খ্রি. ব্যবহারিক পরীক্ষা সম্পন্ন হয় ০১/৪/২০২৪ খ্রি. তারিখ। আশা করছি আল্লাহর রহমতে আগামী ১২ অথবা ১৩ জুন ২০২৪ খ্রি. তারিখ মাননীয় ভাইস-চ্যান্সেলর এর অনুমোদনক্রমে ফলাফল প্রকাশ করা যাবে। কামিল (স্নাতকোত্তর) পরীক্ষা-২০২২ এর লিখিত উত্তরপত্রের বিতরণের কাজ প্রায় শেষ পর্যায়ে, ফাজিল অনার্স পরীক্ষা-২০২২ এর পরীক্ষার প্রশ্নপত্রের মডারেশন সম্পন্ন ও বিজি প্রেসের কাজ চলমান। ইনশাআল্লাহ আগামী ০১ জুলাই ২০২৪ খ্রি. তারিখ হতে যথারীতি রুটিন অনুযায়ী পরীক্ষা শুরু হবে।

কামিল (মাস্টার্স) ১ বছর মেয়াদী পরীক্ষা-২০২৩ এর মডারেশনের কাজ চলমান। আশা করছি জুলাই মাসের প্রথম সপ্তাহের মধ্যে পরীক্ষার রুটিন প্রকাশ করা হবে।

মাননীয় ভাইস-চ্যান্সেলর এর আদেশক্রমে

(এ, কে, এম আক্তারুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

ই-মেইল: iau.exam@gmail.com